

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.০৭৩.১৯-৪৬৭

তারিখঃ ০৩ আশ্বিন ১৪২৬ ব.
১৮ সেপ্টেম্বর ২০১৯ খ্রি.

বিষয়ঃ রিট পিটিশন নং-৪২১৩/২০১৯ মামলার বিষয়ে আইনানুগ পদক্ষেপ গ্রহণসহ গৃহীত ব্যবস্থা সম্পর্কে এ বিভাগকে অবহিতকরণ সংক্রান্ত।

সূত্রঃ মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-৪২১৩/২০১৯ মামলার রুলনিশি ও আর্জির কপি।


উপর্যুক্ত বিষয়ে সূত্রের মাধ্যমে মাননীয় উচ্চ আদালত হতে প্রাপ্ত রিট পিটিশন নং-২৫৭৭/২০১৯ মামলার বিবরণ নিম্নরূপঃ

রিট পিটিশন নং	পিটিশনার	রেসপনডেন্ট	মামলা দায়েরের কারণ/বিষয়
৪২১৩/২০১৯	জনাব সচিন্দ্র নাথ রায়, (হিসাবরক্ষণ), নীলফামারী টেকনিক্যাল এন্ড বি.এম কলেজ, নীলফামারী।	সচিব, টিএমইডি, ডিজি, ডিটিই ও আরো অন্যান্যসহ মোট ০৫ (পাঁচ) জন।	নীলফামারী জেলার সদর উপজেলাধীন নীলফামারী টেকনিক্যাল এন্ড বি.এম কলেজের অধ্যক্ষ জনাব মো: রফিকুল ইসলাম কর্তৃক জাল কাগজ তৈরির মাধ্যমে উক্ত প্রতিষ্ঠানে জনাব সচিন্দ্র নাথ রায় প্রভাষক (হিসাবরক্ষণ- ২য় পদ) এর নিয়োগ ও এমপিওভুক্তিতে সহায়তা করা হয়। ফলে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (ব্যবসায় ব্যবস্থাপনা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা, ২০১৮ এর ১২.১.৫ ধারা মোতাবেক এমপিও কমিটির ১ম সভা ২০১৮ এর সিদ্ধান্তের আলোকে জনাব সচিন্দ্র নাথ রায়, প্রভাষক (হিসাবরক্ষণ ২য় পদ) (ইনডেক্স নং- ১৭২০৭০১৪) এর এমপিও বাতিল এবং জালিয়াতিতে সহায়তা করায় প্রতিষ্ঠানের অধ্যক্ষ জনাব মো: রফিকুল ইসলাম (ইনডেক্স নং-৪৩৮৬৭৬) এর এমপিও স্থগিত করে ডিটিই হতে ১৭/১২/২০১৮ তারিখে ৫৭.০৩.০০০০.০৯১.২০ .০০৩.১৭-১১৮১ সংখ্যক স্মারকমূলে অফিস আদেশ জারি করা হয়। উক্ত স্মারকের বিরুদ্ধে সংশ্লিষ্ট হয়ে পিটিশনার সচিন্দ্র নাথ রায় কর্তৃক মাননীয় উচ্চ আদালতে রিট পিটিশন নং-৪২১৩/২০১৯ মামলা দায়ের করা হয়।

০২। উল্লেখ্য গত ২৯/০৪/২০১৯ তারিখে মাননীয় আদালত কর্তৃক শুনানী শেষে পিটিশনারের এমপিও বাতিলকরণ সংক্রান্ত ডিটিই-এর ১৭/১২/২০১৮ তারিখের ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৩.১৭-১১৮১ সংখ্যক স্মারকের কার্যক্রম কেন বেআইনী ঘোষণা করা হবেনা; সে মর্মে ২৬/০২/২০১৯ তারিখ অথবা উক্ত তারিখের পূর্বে কারণ দর্শানোর জন্য প্রতিপক্ষগণের প্রতি নির্দেশনা প্রদান করা হয়েছিল।

০৩। উপরিউক্ত নির্দেশনামতে রিট মামলার বিষয়ে সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল করা হয়েছে কিনা? না হয়ে থাকলে জরুরিভিত্তিতে মহামান্য আদালতে জবাব (Affidavit in Opposition) দাখিলের ব্যবস্থা গ্রহণক্রমে এ বিভাগকে অবহিত করা আবশ্যিক।

০৪। এমতাবস্থায়, রিট পিটিশন নং-৪২১৩/২০১৯ মামলায় সরকার পক্ষে জবাব (Affidavit in Opposition) দাখিল হয়েছে কিনা? হয়ে থাকলে এর হালনাগাদ তথ্যাদি, না হয়ে থাকলে জবাব (Affidavit in Opposition) দাখিলক্রমে আগামী ০৬/১০/২০১৯ খ্রি: এর মধ্যে টিএমইডি-কে অবহিত (প্রমাণকসহ) করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।



(মো: আ: খালেক মিয়া)
সিনিয়র সহকারী সচিব (আইন)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৫। অফিস কপি/মাস্টার কপি।